

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

By ডিপনিউজ - ডিসেম্বর ১৩, ২০২৪



দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি., ঢাকা এর একটি প্রতিষ্ঠান ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

১৩ ডিসেম্বর, ২০২৪ রাজধানী নন্দায় প্রতিষ্ঠানটির নিজস্ব ক্যাম্পাসে ছড়া, চিত্রাঙ্কন, সাধারণ জ্ঞান, আবৃত্তি, নাচ, গানসহ বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ কও প্রতিষ্ঠানটির শতাধিক শিক্ষার্থী।



স্কুলটির আহবায়ক ও ঢাকা ক্রেডিটের ডিরেক্টর প্রত্যেশ রাংসা এবং প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক আনন্দ চৌধুরী শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করেন। এর আগে শিক্ষার্থী, শিক্ষক মন্ডলী, উপস্থিত অভিভাবকগণ একত্রে জাতীয় সংগীত ও জাতীয় পতাকা উত্তোলন করেন।

প্রত্যেশ রাংসা তার স্বাগত বক্তব্যে বলেন, “ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল শুধুমাত্র পাঠ্য বইয়ের উপর কখনো নির্ভর করে না, শিক্ষার্থীদের মানসিক উন্নয়নে সাংস্কৃতিক ও অন্যান্য বিষয় গুরুত্বের সাথে পরিচর্যা করে থাকে। এরই অংশ হিসেবে এই শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন।”



তিনি বলেন, “ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল একদিন এই অঞ্চলসহ দেশের মধ্যে মডেল স্কুল হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে আমরা বিশ্বাস করি এবং সেই লক্ষ্যেই আমরা কাজ করে যাচ্ছি।”

স্কুলের প্রধান শিক্ষক চৌধুরী বলেন, “আমরা শিক্ষার্থীদের মানসিক ও সাংস্কৃতিক অঙ্গণের জ্ঞান বৃদ্ধিতে বদ্ধ পরিকার। সেই লক্ষ্যে আমরা জাতীয় দিবসগুলোর পাশাপাশি বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আয়োজন করে থাকি।”

তিনি অভিভাবকদের উদ্দেশ্য করে বলেন, শিক্ষার্থী ও স্কুলের উন্নয়নে আপনারা পূর্বের ন্যায় সর্বদা আমাদের সঙ্গে থাকবেন।



দিনব্যাপী শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার শেষে ঢাকা ফ্রেন্ডিটের চীফ অফিসার সুইটি পিউরিফিকেশন এবং প্রধান শিক্ষক আনন্দ চৌধুরী বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন।